

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা
(www.moa.gov.bd)

নং-১২.০০.০০০০.০৫২.১১.০২৯.১৬.৫৯

তারিখ : ২৫ জানুয়ারি ২০১৭।

বিষয় : কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তার (১১তম গ্রেড) মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত ৬৪৫টি শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত ছাড়পত্র প্রদান।

সূত্র : কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ০২ জানুয়ারি ২০১৭ তারিখের ১২.০১.০০০০.৩৮.১১.০০১.২০১৭/১০৩ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো অনুযায়ী জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১১তম গ্রেডভুক্ত (টাকা ১২৫০০-৩০২৩০/-) উপ-সহকারী কৃষি কর্মকর্তার (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) নিম্নবর্ণিত শূন্য পদগুলি সরাসরি ভিত্তিতে উপযুক্ত প্রার্থী নির্বাচনের মাধ্যমে পূরণের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো :

দপ্তর/সংস্থার নাম	পদের নাম ও বেতনস্কেল (জাঃবেঃ স্কেল-২০১৫ অনুযায়ী)	ছাড়কৃত পদ সংখ্যা
১	২	৩
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	উপ-সহকারী কৃষি কর্মকর্তা (টাকা ১২৫০০-৩০২৩০) (গ্রেড-১১)	৬৪৫ টি (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত)

শর্তসমূহ :

(ক) ছাড়পত্র প্রদানকৃত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রীট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।


(খ) প্রস্তাবিত শূন্য পদের সংখ্যায় কোন গড়মিল থাকার কারণে অতিরিক্ত লোক নিয়োগ দেয়া হলে তা বৈধ বলে গণ্য হবে না। সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে। এ বিষয়ে কোন জটিলতার সৃষ্টি হলে প্রস্তাব প্রেরণকারী দায়ী থাকবে।

(গ) অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী অনুমোদিত বাংলাদেশ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (নন-ক্যাডার-কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০১৫ যথাযথভাবে অনুসরণপূর্বক মঞ্জুরীকৃত পদসংখ্যার ভিত্তিতে পদপূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।

(ঘ) পদ পূরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং-সম(এসপি)-৫৮/৯৯-২১০(৫০), তারিখ ১০/০৫/৯৯ অবশ্যই পালন/অনুসরণ করতে হবে। উক্ত পরিপত্রের ৩(খ) অনুচ্ছেদ অনুযায়ী এই ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ০১ (এক) বৎসর। উক্ত পরিপত্রের ৩(ঘ) অনুচ্ছেদ অনুযায়ী ছাড়পত্রের মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে, উক্ত পরিপত্রের ৩(গ) অনুচ্ছেদ অনুযায়ী নির্দিষ্ট সময় সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(ঙ) ছাড়কৃত পদ পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগ বিধি, শূন্য পদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে।

(চ) ছাড়কৃত পদ পূরণ করার ১৫ দিনের মধ্যে কৃষি মন্ত্রণালয়-কে অবহিত করতে হবে।


(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
উপ-সচিব

ফোন : ৯৫৫৮৮৫৩

ই-মেইল : sasexten1@moa.gov.bd

মহাপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- (সকল অঞ্চল)।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮. প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (ছাড়পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯. অতিরিক্ত-সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
১০. যুগ্ম-সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।

